# U.G. 4th Semester Examination - 2021

## BENGALI

**Course Code : BBNGCCHT401**

**Course Title : সংস্কৃত সাহিত্যের ইতিহাস**

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) কোন্ গ্রন্থকে মহাভারতের পরিশিষ্ট বলা হয়?

খ) 'রঘুবংশম্' কোন্ শ্রেণির কাব্য?

গ) 'শ্রীমদ্ভাগবত গীতা' মহাভারতের কোন্ পর্বের বিষয়?

ঘ) 'রামায়ণে'র কোন্ কোন্ কাণ্ডকে প্রক্ষিপ্ত মনে করা হয়?

ঙ) অরণ্যকাণ্ডের মূল আলোচ্য বিষয় কী?

চ) শকুন্তলার দুই সখীর নাম লেখো।

ছ) প্রকরণ কাকে বলে?

জ) 'রামায়ণের' আখ্যান কিসের রূপক?

ঝ) কালিদাস রচিত 'ঋতুসংহার' কটি সর্গে বিভক্ত?

ঞ) 'মৃচ্ছকটিক' শব্দের অর্থ কী?

*[পরের পাতায়]*

ট) 'মালবিকাগ্নি মিত্রম্' নাটকের বিষয়বস্তু কী?

ঠ) মহাভারতের শেষ পর্বের নাম কি?

ড) ভাসের শ্রেষ্ঠ নাটক কোন্‌টি?

ঢ) বাণভট্ট কী ধরনের কাব্য রচনা করেছেন?

ণ) 'গীতগোবিন্দম্' কাব্যের সর্গসংখ্যা কটি?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) রামায়ণে যে তিনটি সমাজের কথা আছে সেগুলি কি কি?

খ) মহাভারতের সৌপ্তিক পর্ব ও মুষল পর্বের মূল বিষয় কী?

গ) মন্দোদরী ও সরমার পরিচয় দাও।

ঘ) রাজা শূদ্রক কোন্ দেশের রাজা? তিনি কোন্ সময় পর্যন্ত বর্তমান ছিলেন?

ঙ) 'পঞ্চরাত্র' কি? পরিচয় দাও।

চ) কালিদাসের শ্রেষ্ঠ নাটক কোন্‌টি? নাটকটির উৎস কী?

ছ) 'কাদম্বরী' কাব্যের প্রধান চরিত্রগুলির নাম লেখো।

জ) 'প্রতিমা' নাটক কার লেখা? কয় অঙ্কে রচিত?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) 'মৃচ্ছকটিক' নাটকের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে এর অভিনবত্ব নির্দেশ করো।

খ) 'মহাভারতে'র একটি প্রক্ষিপ্ত অংশের আলোচনা করো।

গ) সংস্কৃত সাহিত্যের ইতিহাসে ভাস সমস্যার স্বরূপ বিবৃত করো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) সংস্কৃত সাহিত্যে গদ্য-কাব্যের রচয়িতা রূপে বাণভট্টের কৃতিত্ব পর্যালোচনা করো।

খ) কালিদাসের কবিপ্রতিভার সম্যক্ পরিচয় দাও।

গ) কবি জয়দেবের কবি কৃতিত্বের পরিচয় দাও।

———